



তথ্যবিবরণী

নম্বর: ২১৭

এইচটিআই এর স্বাস্থ্যসেবা ক্যাম্প পরিচালনা

রাজশাহী; ১২ ফাল্গুন (২৫ ফেব্রুয়ারি):

জনসাধারণের মাঝে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করেছে রাজশাহী বিভাগের বিভিন্ন নার্সিং কলেজের শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত অরাজনৈতিক, স্বেচ্ছাসেবী ও সামাজিক সংগঠন এইচটিআই (হ্যান্ডস টুগেদার ইনিশিয়েটিভস)।

আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) রাজশাহীর গোদাগাড়ী উপজেলার সোনাদিঘী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এক ক্যাম্পেইনে এ স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহীর অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আক্তার জামীল।

এমন কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে প্রধান অতিথি সমাজের বিত্তবানদের সেবামূলক কার্যক্রমে এগিয়ে আসার আহ্বান জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মু. রেজা হাসান এবং গোদাগাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা ফয়সাল আহমেদ।

এদিন চিকিৎসক, ডিএমএফ, ল্যাব টেকনোলজিস্ট, গ্র্যাজুয়েট নার্স, মিডওয়াইফারি, শিক্ষানবিশ এবং শিক্ষার্থী নার্সদের সমন্বয়ে গঠিত পূর্ণাঙ্গ মেডিকেল টিম ১০০ পরিবারের মাঝে সেবা প্রদান করে।

ক্যাম্পেইনে স্থানীয়দের বিনামূল্যে রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা এবং রক্তের গ্রুপ নির্ণয় করা হয় এবং সময় চিকিৎসকের পরামর্শ অনুযায়ী তাদেরকে বিনামূল্যে ওষুধও দেওয়া হয়।

ক্যাম্পেইনে আসা সেবাপ্রাপ্তকারীরা এধরনের চিকিৎসা সেবা পেয়ে সন্তোষ প্রকাশ করেন এবং এ কর্মসূচি অব্যাহত রাখতে অনুরোধ জানান।

এ সময় সোনাদিঘী উচ্চ বিদ্যালয় ও সোনাদিঘী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এইচটিআই এর সদস্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এইচটিআই মানবসেবার এক মহান লক্ষ্য নিয়ে বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে, যার মধ্যে ফ্রি মেডিক্যাল ক্যাম্প অন্যতম। অনেক সময় আর্থিক অক্ষমতার কারণে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হয়। এই বিষয়টি উপলব্ধি করে এইচটিআই ফ্রি মেডিক্যাল ক্যাম্প পরিচালনা করেছে।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৩.৩০ঘ.